দৈনিক ইনকিলাব

তারিখ 26 FEB 1997
পৃষ্ঠা ... কলাম ...

# ...বিদ্যালয়ে ছাত্র দল ও ছাত্র লীগের মধ্যে ব্যাপক সংঘর্ষ

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রিপোর্টার : সামান্য কথা কাটাকাটিকে কেন্দ্র করে গতকাল জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্র দল ও ছাত্র লীগের মধ্যে ২ ঘণ্টাব্যাপী ব্যাপক সংঘর্ষে ধাওয়া-পাল্টা ধাওয়া, ইট-পাটকেল নিক্ষেপ, ভাঙ্চুর, ও গুলী বর্ষণের ঘটনা ঘটেছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ ১০/১২ রাউণ্ড টিয়ার সেল নিক্ষেপ করে। এ ঘটনায় ছাত্র দল ও ছাত্র লীগের ৫ জন কর্মী আহত হয়। বেলা ১২টার দিকে বিশ্ববিদ্যালয়ের মুক্তিযুদ্ধের প্রস্তুতি ভাস্কর্যের পাদদেশ এলাকায় ছাত্র দল ও ছাত্র লীগের জুনিয়র গ্রুপের কর্মীদের মধ্যে কথা কাটাকাটি থেকে হাতাহাতি শুরু হয়। এ সময় ছাত্র লীগ কর্মীরা বিজ্ঞান ভবনের দিকে এবং ছাত্র দল কর্মীরা কলাভবনের দিকে ছুটে যায়। পরক্ষণেই ছাত্র লীগ কর্মীরা বেঞ্চ ও টেবিল ভেঙ্গে কাঠের টুকরা এবং ইট-পাটকেল ছাত্র দলের কর্মীদের লক্ষ্য করে ছুঁড়তে থাকে। ছাত্র লীগ কর্মীরা ছাত্র দল ও জাসাসের ১০টি ব্যানার ছিঁড়ে ফেলে ও তাতে অগ্নিসংযোগ করে। এ সময় ভাস্কর্যের পাশে দণ্ডায়মান পুলিশ নীরব ভূমিকা পালন করে। অপরদিকে ছাত্র দলের কর্মীরা কলাভবনের সামনের মসজিদ চত্বর থেকে লাঠিসোঁটা ও ইট-পাটকেল নিয়ে ক্যাফেটেরিয়ার দিকে এগিয়ে যেতে থাকলে পুলিশ তাদের লক্ষ্য করে বেশ কয়েক রাউণ্ড টিয়ার সেল নিক্ষেপ করে। ফলে ছাত্র দল কর্মীরা পিছু হটে কলাভবনে অবস্থান নেয়। এ সময় ক্যাম্পাসের উত্তর ও পূর্ব দি থেকে ফাঁকা গুলীর শব্দ শোনা যায়। দু'দলের কর্মীদের চিৎকার ও এলোপাতাড়ি ইট-পাটকেল নিক্ষেপের কারণে হাজার হাজার ছাত্র-ছাত্রীর মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। ছাত্র-ছাত্রীরা দিকবিদিক ছুটোছুটি করে। কেউ কেউ ক্যাম্পাসের বাইরে বিভিন্ন ভবনের উঁচু তলায় অবস্থান নেয়।

সংঘর্ষ চলাকালে ছাত্র লীগ ও ছাত্র দলের ৫ জন নেতা-কর্মী আহত হন। এ ঘটনার জন্য উভয় পক্ষ পরস্পরকে দায়ী করে। এদিকে ক্যাম্পাসের জাস রেস্তরাঁর পরিচালক খলিল ও রানা অভিযোগ করেছে, সংঘর্ষ চলাকালে ছাত্র লীগের কর্মীরা রেস্তরাঁয় হানা দিয়ে বার্গারসহ এক হাজার টাকার খাদ্য খেয়ে টাকা না দিয়ে অশ্রাব্য ভাষায় গালিগালাজ করে চলে যায়।

## সমঝোতা বৈঠক

পুলিশের টিয়ার গ্যাস নিক্ষেপ ও ছাত্র নেতৃবৃন্দের হস্তক্ষেপের ফলে পরিস্থিতি একটু শান্ত হলে ছাত্র লীগ ও ছাত্র দলের নেতৃবৃন্দ ভিসি'র কার্যালয়ে এক সমঝোতা বৈঠকে মিলিত হন। নেতৃবৃন্দ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভিসি ও অন্যান্য শিক্ষকের সামনে ক্যাম্পাস পরিস্থিতি শান্ত রাখার অঙ্গীকার ব্যক্ত করেন।

## ছাত্র দলের মিছিল-সমাবেশ

সন্ত্রাস ও নৈরাজ্যের প্রতিবাদে ছাত্র দল তাৎক্ষণিকভাবে ক্যাম্পাসে এক বিক্ষোভ মিছিল ও সমাবেশের আয়োজন করে। ছাত্র দল আহবায়ক আবদুল খালেক হাওলাদারের সভাপতিত্বে কলাভবন চত্বরে মিছিল শেষে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন সংগঠনের নেতা সাগির আহাম্মদ সাগির, হামিদুর রহমান হামিদ, সামসুজ্জামান সুরুজ, শহীদুল্লাহ তালুকদার, আবদুস সাত্তার, কাজী রওনাকুল ইসলাম টিপু প্রমুখ। নেতৃবৃন্দ বলেন, সন্ত্রাসমুক্ত জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শান্ত পরিবেশকে চর দখলের ন্যায় দখল করে নেয়ার অশুভ উদ্দেশ্যেই ছাত্র লীগের সন্ত্রাসীরা বহিরাগত ভাড়াটে সন্ত্রাসীদের নিয়ে বিভিন্ন নাশকতামূলক অপতৎপরতা শুরু করেছে। তারা সংঘর্ষ চলাকালে পুলিশের পক্ষপাতদুষ্ট ভূমিকার নিন্দা জানান।

## রুহুল আমীন স্মরণে শোক সভা

গতকাল হিসাব বিজ্ঞান বিভাগে বিভাগীয় প্রধান রেজাউল বারীর সভাপতিত্বে অনুষ্ঠিত রুহুল আমীন স্মরণে এক শোক সভায় বক্তব্য রাখেন প্রফেসর আ ন ম শরীফ, খায়রুল কবির ও এ কে এম বাকীবিল্লাহ। সভায় আজ ক্যাম্পাসে একটি শোক মিছিল বের করার সিদ্ধান্ত গৃহীত হয়।